

প্রশিক্ষার্থীদের করা প্রশ্ন ও তার সম্ভাব্য উত্তরঃ
(রংপুর জেলা)

প্রশ্নঃ কেউ যদি আমার আইডি হ্যাক করে বা আমার নামে আইডি তৈরী করে তবে কি করতে পারি? হ্যাকড আইডি কি উদ্ধার করতে পারবো?

উত্তরঃ আমরা অনেক সময় ফেসবুক আইডি হ্যাকিং এর ঘটনা দেখে থাকি অথবা অন্য কারোর ছবি নাম দিয়ে অনেকে ফেসবুক আইডি খুলে তাকে বিব্রত করতে দেখি। ফেসবুকে আপনার নামে কেউ ফেক আইডি খুললে কিভাবে রিপোর্ট করবেন এটা সকলের জেনে রাখা ভাল। প্রথমে যেই আইডিতে রিপোর্ট করতে চান তার প্রোফাইলে যান। এবার ওপর থেকে **More** অপশানে ক্লিক করুন। এবার **Find support or report profile** ক্লিক করুন। এখানে অনেক গুলো অপশন পাবেন সব গুলোর অর্থ সংক্ষেপে নিচে বলা হলঃ

Pretending to be someone

যদি কেউ আপনার নামে ফেক ফেসবুক আইডি খোলে তাহলে **Pretending to be someone** ক্লিক করে নিচে থেকে **me** সিলেক্ট করুন।

যদি কেউ আপনার বন্ধুর নামে ফেক ফেসবুক আইডিখোলে তাহলে **A friend** ক্লিক করে আপনার বন্ধুকে সার্চ করে সিলেক্ট করুন।

Fake account

যদি কোন আইডিতে দেখেন তার ছবি নেই শুধু ফুল/পাখি বা অন্য কিছু ছবি তখন তাকে **Fake account** হিসাবে রিপোর্ট করতে পারেন।

Fake name

যদি কেউ আপনার নামে আইডি খোলে বা অন্য কোন নামে আইডি তৈরী করে আপনাকে রিকুয়েস্ট পাঠায় তখন **Fake name** হিসাবে রিপোর্ট করতে পারেন।

হ্যাকড আইডি পুনরুদ্ধারঃ

হ্যাকড আইডি উদ্ধার করার জন্য <https://www.facebook.com/hacked> লিঙ্ক টি প্রথমে ওপেন করতে হবে। এরপর **“My Account is Compromised”**-বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী ধাপে নিজ প্রোফাইলের অন্তর্ভুক্ত **‘Email Address’** অথবা **‘Phone Number’** লিখে **Search** বাটনে ক্লিক করার পর ফেসবুক কর্তৃপক্ষ **‘পাসওয়ার্ড’** পরিবর্তন করার জন্য অনুরোধ করবে। একটি **Security Code** উদ্ধারকারীর **‘Email Address’** অথবা **‘Phone Number’** এ যাবে এবং নতুন **‘পাসওয়ার্ড’** এর জন্য অনুরোধ করবে। আর এইভাবে হ্যাকড আইডি উদ্ধার করা সম্ভব।

প্রশ্নঃ কেউ যদি কোন **Link** পাঠায় তবে সেই **Link** এ **click** করব কি?

উত্তরঃ কখনোই সন্দেহজনক কোন লিংকে ক্লিক করা যাবে না। বলা হচ্ছে, **“খামো, ভাবো ও সংযোগ দাও”**। যদি ঘনিষ্ঠ কোন বন্ধু বা ফেসবুক বন্ধুর কাছ থেকে কোন ইমেইল, মেসেঞ্জারে বার্তা, বা পোস্ট পান, যা হয়তো তার স্বাভাবিক আচরণের সঙ্গে মেলে না, সবচেয়ে ভালো হবে সেটায় ক্লিক না করা বা সাড়া না দেয়া। যেমন, কেউ হয়তো লিখতে পারে যে, সে কোথাও বেড়াতে গিয়ে বিপদে পড়েছে অথবা আপনার মেসেঞ্জারে এমন একটি লিংক পাঠিয়েছে, যার কোন কারণ নেই। এক্ষেত্রে তাকে আলাদাভাবে একাউন্টে নক করে বা বার্তা পাঠিয়ে নিশ্চিত হতে হবে।